

বৈদ্যুতিক নিরাপত্তা পরিদর্শন প্রতিবেদন

ইকো ফ্যাব লিমিটেড

২২৮/১, যোগীতলা, বিআরআরআই, গাজীপুর



পরিদর্শকঃ মেহেদী হাসান ও মুস্তাসিম বিল্লাহ।

প্রতিবেদকঃ মেহেদী হাসান

পরিদর্শনের তারিখঃ ২৭ নভেম্বর, ২০১৬



সার সংক্ষেপ

সিটকটিং বাংলাদেশ একর্ড ফাউন্ডেশন কর্তৃক কারখানাটির বৈদ্যুতিক নিরাপত্তা বিষয়ে জরিপ করা হয়। এই জরিপের উদ্দেশ্য ছিল বৈদ্যুতিক নিরাপত্তা সংক্রান্ত উল্লেখযোগ্য ত্রুটিসমূহ সনাক্তকরণ এবং একর্ড নির্ধারিত গ্রহণযোগ্য মান নিশ্চিত করে প্রতিকার মূলক নির্দেশনা দেয়া।

বৈদ্যুতিক নিরাপত্তা পরিদর্শন সম্ভাব্য বৈদ্যুতিক ঝুঁকি নির্ধারণ এবং সুপারিশ কৃতপ্রতিকার মূলক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে উন্নয়নের উদ্দেশ্যে গৃহীত একটি নিয়ম তাত্ত্বিক পদ্ধতি। এই পরিদর্শন কেবলমাত্র বৈদ্যুতিক নিরাপত্তা সংশ্লিষ্ট প্রধান ত্রুটিসমূহ সনাক্ত করণের মধ্যেই সীমাবদ্ধ ছিল। খুঁটিনাটি যে সকল সমস্যা রয়েছে তা এ পরিদর্শন প্রতিবেদনে উল্লেখিত হয়নি তবে পরবর্তীতে ফলো- আপ পরিদর্শনে চিহ্নিত করা হবে।

এই প্রতিবেদনে উল্লেখিত পর্যবেক্ষণ ও সুপারিশসমূহ কোন সরকারি নীতিমালার সপক্ষে অঙ্গীকার পত্র, প্রমাণ বা সনদ নয়। তাছাড়া এই প্রতিবেদনের পর্যবেক্ষণ বা সুপারিশসমূহ ব্যতীত অন্য কোন ঝুঁকি বা বিপদের আশংকা নেই, তাও নির্দেশিত নয়। কারখানার মালিকগণকে কোন বিশেষ প্রকল্পের আবশ্যিক শর্ত, শিল্প মান, অথবা স্থানীয় সরকারের নীতিমালার শর্ত পূরণের অঙ্গীকার থেকেও এই প্রতিবেদনে উল্লেখিত পর্যবেক্ষণ ও সুপারিশসমূহ অব্যাহতি দেয় না।

ইকো ফ্যাব লিমিটেড কারখানাটি ৪ তলা বিশিষ্ট একটি ভবন, ৩ তলা বিশিষ্ট একটি ইউটিলিটি ভবন (জেনারেটর, বয়লার ও চিলার), একতলা বিশিষ্ট সাবস্টেশন, দোতলা বিশিষ্ট মেডিক্যাল ও চাইল্ড কেয়ার ভবন এবং ৪ তলা বিশিষ্ট প্রশাসনিক ভবন নিয়ে অবস্থিত। কারখানা কর্তৃপক্ষের ভাষ্য অনুযায়ী এই ভবনটির নির্মাণ হয়েছিল ২০১২ সালের নভেম্বরে এবং জুন ২০১৬ তে প্রোডাকশন শুরু হয়েছে। পরিদর্শনের সময় কারখানাটির নিয়মিত শ্রমিক সংখ্যা ৫৯০ জন পাওয়া গেছে।



১. অনুসন্ধান ও পরামর্শঃ

নীচের ছকে পরিদর্শনে সনাক্ত কৃত গুরুত্বপূর্ণ বৈদ্যুতিক ত্রুটির সার সংক্ষেপ রয়েছে। প্রতিটি পর্যবেক্ষণের জন্য সুপারিশ প্রদান করা হয়েছে।

কারাখানা কর্তৃপক্ষকে এই সংস্কার কাজের বাস্তবায়ন কার্যক্রম প্রস্তুত করতে হবে। উন্নয়নের নির্দিষ্ট সময় সীমা সহ নকশা প্রণয়ন ও বাস্তবায়নের প্রতিবন্ধকতার কারণে সময় সীমা বৃদ্ধির আবেদন একডের কাছে জমা দিতে হবে।

অনুসন্ধান নং :	ই-১
বিভাগঃ	নথি
অনুসন্ধানঃ ইলেকট্রিক্যাল সিঙ্গেল লাইন ডায়াগ্রামের সাথে প্রকৃত অবস্থার সামঞ্জস্য কম।	
পরামর্শঃ ইলেকট্রিক্যাল সিঙ্গেল লাইন ডায়াগ্রাম সংশোধন করতে হবে; দরকারি সকল তথ্য উল্লেখ করতে হবে এবং বৈদ্যুতিক ব্যবস্থার কোন ধরনের গুরুত্বপূর্ণ পরিবর্তনের সাথে সাথে তা আপডেট করতে হবে।	
অগ্রাধিকারঃ পি১	
ত্রুটি পূরণের সময়সীমাঃ ২ মাস	

Single Line Diagram (SLD) of Eco Fab Ltd.

Address :-
Eco Fab Ltd.
Holding No- 228/1, Jogitola,
BRRU, Gazipur-1701, Bangladesh
Tel: +88 02 9291913-7

27/11/2016 18:21

অনুসন্ধান নং:	ই-২
বিভাগঃ	বজ্রপাতকালীন সুরক্ষা ব্যবস্থা
অনুসন্ধানঃ বজ্রপাতকালীন সুরক্ষা ব্যবস্থা এখনো লাগানো হয়নি।	
পরামর্শঃ পুরো ফ্যাক্টরির জন্য বজ্রপাতকালীন সুরক্ষা ব্যবস্থার নকশা প্রণয়ন করুন (ঝুঁকি সূচক যেখানে ৪০ এর বেশি) ও স্থাপন করুন।	
অগ্রাধিকারঃ পি২	
ত্রুটি পূরণের সময়সীমাঃ ৩ মাস।	





অনুসন্ধান নং :	ই-৩
বিভাগঃ	নথি
অনুসন্ধানঃ পর্যায়ক্রমিক পরিদর্শন ও পরীক্ষণ কাজের জন্য নির্দিষ্ট সূচী নেই।	
পরামর্শঃ বৈদ্যুতিক রক্ষণাবেক্ষণ কাজের জন্য সূচী প্রণয়ন করুন (প্রিভেনটিভ, প্রো একটিভ ও ব্রেকডাউন মেইনটেন্যান্স)।	
অগ্রাধিকারঃ পি২	
ক্রটি পূরণের সময়সীমাঃ ১ মাস।	

অনুসন্ধান নং :	ই-৪
বিভাগঃ	নথি
অনুসন্ধানঃ আর্থ ইলেক্ট্রোড সাইজ অপরিপূর্ণ।	
পরামর্শঃ পুঁতে রাখা আর্থ ইলেক্ট্রোড সাইজ এবং আর্থ ক্যাবল সমানুপাতিক হতে হবে। বড় সারফেস এরিয়া মাটি ও পরিবাহকের বিদ্যুৎ পরিবাহিতা বৃদ্ধি করে।	
অগ্রাধিকারঃ পি২	
ক্রটি পূরণের সময়সীমাঃ ১ মাস।	



অনুসন্ধান নং :	ই-৫
বিভাগঃ	ট্রান্সফর্মার রুম
অনুসন্ধানঃ শুষ্ক ধরনের ট্রান্সফর্মারের উন্মুক্ত সংযোগস্থল ঢাকা নেই।	
পরামর্শঃ শুষ্ক ধরনের ট্রান্সফর্মার অদাহ্য পানিরোধী খাঁচায় রাখতে হবে যাতে বাইরে থেকে কোন দ্রব্য ভিতরে প্রবেশ করতে না পারে।	
অগ্রাধিকারঃ পি২	
ক্রটি পূরণের সময়সীমাঃ ২ মাস।	



অনুসন্ধান নং :	ই-৬
বিভাগঃ	তার ও তারের সাপোর্ট
অনুসন্ধানঃ	পাওয়ার ক্যাবলে সব জায়গায় সাপোর্ট নেই।
পরামর্শঃ	ক্যাবল ট্রে ও ল্যাডারের মাধ্যমে ক্যাবল ট্রেতে সাপোর্ট দিতে হবে। তার বাইরে হলে ঢেকে দিতে হবে।
অগ্রাধিকারঃ	পি৩
ক্রটি পূরণের সময়সীমাঃ	২ মাস।



অনুসন্ধান নং :	ই-৭
বিভাগঃ	ফ্লোর ডিস্ট্রিবিউশন বোর্ড
অনুসন্ধানঃ	ফ্লোর ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেলের আশপাশের কাজের জায়গায় রাবার ইনসুলেশন ম্যাট নেই/অপর্যাপ্ত।
পরামর্শঃ	ইন্সুলেটর/এলটি প্যানেল/এমডিবি/ডিবি/এসডিবি অন্যান্য ম্যানুয়াল মেশিনের আশপাশের কাজের জায়গায় রাবার ইনসুলেশন ম্যাট সরবরাহ করুন।
অগ্রাধিকারঃ	পি২
ক্রটি পূরণের সময়সীমাঃ	২ মাস।



অনুসন্ধান নং :	ই-৮
বিভাগঃ	ফ্লোর ডিস্ট্রিবিউশন বোর্ড
অনুসন্ধানঃ	সার্কিট তালিকা বা বিদ্যমান তারের এসএলডি প্রতিটি প্যানেল বোর্ডে লাগানো নেই।
পরামর্শঃ	সার্কিট তালিকা বা বিদ্যমান তারের এসএলডি প্রতিটি প্যানেল বোর্ডে থাকতে হবে।
অগ্রাধিকারঃ	পি৩
ক্রটি পূরণের সময়সীমাঃ	১ মাস।



অনুসন্ধান নং :	ই-৯
বিভাগঃ	ওয়ারিং ব্যবস্থা
অনুসন্ধানঃ	সংযোগ লোড অনুযায়ী এমসিসিবি গুলো এডজাস্ট করা নেই।
পরামর্শঃ	সংযোগ লোড অনুযায়ী এমসিসিবি গুলো এডজাস্ট করুন। টার্মিনালে বিভিন্ন মাপের ক্যাবল ব্যহার করা থেকে বিরত থাকুন।
অগ্রাধিকারঃ	পি২
ক্রটি পূরণের সময়সীমাঃ	১ মাস



অনুসন্ধান নং :	ই-১০
বিভাগঃ	ফ্লোর ডিস্ট্রিবিউশন বোর্ড
অনুসন্ধানঃ	বৈদ্যুতিক যন্ত্রপাতির কোন মেকানিক্যাল গার্ড বা সুরক্ষা নেই।
পরামর্শঃ	বিশেষত ঘূর্ণন অংশের জন্য মেকানিক্যাল গার্ড বা সুরক্ষার ব্যবস্থা করুন।
অগ্রাধিকারঃ	পি১
ক্রটি পূরণের সময়সীমাঃ	১ মাস

